

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৯৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬৭. যিনি বলেন, সূর্যগ্রহণের সময় দু' রাক'আত সালাত আদায় করবে

باب مَنْ قَالَ يَرْكَعُ رَكْعَتَيْنِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا بِشِّرُ بْنُ الْمُفَضَلِ، حَدَّثَنَا الْجُرَيْرِيُّ، عَنْ حَيَّانَ بْنِ عُمَيْرٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَمُرَةَ، قَالَ بَيْنَمَا أَنَا أَتَرَمَّى، بِأَسْهُم فِي حَيَاةِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم إِذْ كُسِفَتِ الشَّمْسُ فَنَبَذْتُهُنَّ وَقُلْتُ لأَنْظُرَنَّ مَا أُحْدِثَ لِرَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي كُسُوفِ الشَّمْسِ الْيَوْمَ فَانْتَهَيْتُ إِلَيْهِ وَهُوَ رَافِعٌ يَدَيْهِ يُسَبِّحُ وَيُحَمِّدُ وَيُهَلِّلُ وَيَدْعُو حَتَّى حُسِرَ عَنِ الشَّمْسِ فَقَرَأً بِسُورَتَيْنِ وَرَكَعَ رَكْعَتَيْنِ .

_ صحیح : م مختصرا

বাংলা

১১৯৫। 'আবদুর রহমান ইবনু সামুরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জীবদ্দশায় একটি জায়গাতে আমি তীর চালনা শিখছিলাম। এমন সময় সূর্যগ্রহণ হলে আমি তীরগুলো ফেলে দিয়ে বলি, আজ সূর্যগ্রহণের দরুন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য কি ঘটে, তা অবশ্যই স্বচক্ষে দেখবো। আমি তাঁর কাছে গিয়ে দেখলাম, তিনি দু' হাত উঠিয়ে তাসবীহ, তাহমীদ, কালিমাহ ও দু'আ পাঠেরত আছেন। অবশেষে সূর্য গ্রাসমুক্ত হয়ে গেল। তিনি দু'টি সূরার দ্বারা দু' রাক'আত সালাত আদায় করলেন।[1]

সহীহ: মুসলিম সংক্ষেপে।

English

Narrated 'Abd al-Rahman b. Samurah:

During the lifetime of the Messenger of Allah (peace be upon him) I was shooting some arrows when an eclipse of the sun tok place. I, therefore, threw them (the arrows) away and said: I must see how the Messenger of



Allah (ﷺ) acts in a solar eclipse today. So I came to him; he was standing (in prayer) raising his hands, glorifying Allah, praising Him, acknowledging that He is the only Deity, and making supplication till the sun was clear. He then recited two surahs and prayed two rak'ahs.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : সূর্য গ্রহণ, অনুঃ সূর্য গ্রহণের সালাতের দু'আ) সংক্ষেপে, নাসায়ী (অধ্যায় : সূর্য গ্রহণ, অনুঃ সূর্য গ্রহণের সময় তাসবীহ, তাকবীর ও দু'আ পাঠ, হাঃ ১৪৫৯), আহমাদ (৫/৬১), ইবনু খুযাইমাহ (হাঃ ১৩৭৩)।

সূর্যগ্রহণের সালাত বিষয়ক (১১৭৭-১১৯৫ নং) হাদীসসমূহ হতে শিক্ষাঃ

১। সূর্য গ্রহণের সময় সালাত আদায় করা সুন্নাত।

২। এ সালাত হবে দু' রাক'আত। এ দু' রাক'আত সালাতে চারটি রুকু' দিতে হয়। এ সম্পর্কিত হাদীসই সর্বার্ধিক বিশুদ্ধ।

- ৩। সালাতের ক্বিরাআত হবে দীর্ঘ।
- ৪। সালাতের শেষে খুত্ববাহ দিতে হয়।
- ৪। গ্রহণ লাগলে দান-খয়রাত করা, দাস মুক্ত করা, তাকবীর বলা ও দু'আ করা উত্তম।
- ে। এ সালাতের জন্য লোকদেরকে আহবান করা সুন্নাত।
- ৬। সূর্যগ্রহণ মহান আল্লাহর নিদর্শন বিশেষ। এর সাথে কারো জন্ম বা মৃত্যুর কোন সম্পর্ক নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আন্দুর রহমান ইবন সামুরা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন